**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৭৮/২০১৭**

**ঢাকা, সোমবার ১৭ এপ্রিল ২০১৭, ৪ বৈশাখ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। আগামী প্রজন্মকে দেশের ইতিহাস জানতে হবে : প্রধানমন্ত্রী

২। খেলাধুলার প্রসারে বিত্তবানদের এগিয়ে আসার আহ্বান প্রধানমন্ত্রীর

৩। হাওরে অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার বিকল্প নেই : রাষ্ট্রপতি

৪। আগামী বাজেটের সম্ভাব্য আকার ৪ লাখ ২৬৭ কোটি টাকা

৫। পদ্মা সেতুর ৪২ শতাংশ কাজ শেষ, জুনের মধ্যে স্প্যান বসছে : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী

৬। চলতি বোরো মৌসুমে ২৪ টাকা কেজি দরে ধান এবং ৩৪ টাকায় চাল কিনবে সরকার

৭। ভারত থেকে আরও ২ হাজার মেগাওয়াট বিদ্যুৎ আসবে
: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী

৮। ভুয়া ফেসবুক অ্যাকাউন্ট বন্ধ করা হচ্ছে : ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী

৯। সংসদের ১৫তম অধিবেশন শুরু আগামী ২ মে

১০। আজ ঐতিহাসিক মুজিবনগর দিবস

চলমান পাতা-২

**১। আগামী প্রজন্মকে দেশের ইতিহাস জানতে হবে : প্রধানমন্ত্রী**

দেশপ্রেমিক ও ভালো নৈতিক চরিত্রের অধিকারী হয়ে গড়ে উঠতে ভবিষ্যৎ প্রজন্মের জন্য দেশের ইতিহাস জানা খুবই গুরুত্বপূর্ণ বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেছেন, নতুন প্রজন্ম যেন মুক্তি সংগ্রাম ও মুক্তিযুদ্ধের ইতিহাস ভুলে না যায়। দেশপ্রেমে উদ্বুদ্ধ হওয়ার জন্যই তাদের ইতিহাস জানতে হবে। ইতিহাস তুলে ধরতে মুক্তিযুদ্ধ জাদুঘরের গুরুত্ব তুলে ধরে প্রধানমন্ত্রী শেখ হাসিনা আরও বলেন, প্রজন্মের পর প্রজন্ম যেন জানতে পারে, কত বড় ত্যাগের বিনিময়ে এ স্বাধীনতা অর্জন হয়েছে। রাজধানীর আগারগাঁওয়ে গতকাল ১৬ এপ্রিল রোববার মুক্তিযুদ্ধ জাদুঘরের নবনির্মিত বহুতল ভবন উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১)।

**২। খেলাধুলার প্রসারে বিত্তবানদের এগিয়ে আসার আহ্বান প্রধানমন্ত্রীর**

আন্তর্জাতিক পর্যায়ে বিভিন্ন খেলায় সাফল্য অর্জনকারী খেলোয়াড়দের উপহার তুলে দিয়ে খেলাধুলার প্রসারে বিত্তবানদের এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল ১৬ এপ্রিল রোববার গণভবনে সফল খেলোয়াড়দের সংবর্ধনা অনুষ্ঠানে তিনি বলেছেন, খেলাধুলার প্রসার ঘটাতে যা যা করণীয় আমাদের সরকার তা করবে। প্রধানমন্ত্রী আরো বলেন, 'খেলাধুলা, সংস্কৃতি চর্চা কেউ এককভাবে করতে পারে না। এখানে সরকারের পৃষ্ঠপোষকতা প্রয়োজন। সঙ্গে সঙ্গে বিত্তশালী যারা আছেন তাদের আমি আহ্বান জানাব সহযোগিতা করুণ, এগিয়ে আসুন'। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **অবজারভার** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.৩,ক.২)।

**৩। হাওরে অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার বিকল্প নেই : রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেছেন, হাওর এলাকায় মাটি দিয়ে বাঁধ নির্মাণ করে ফসল রক্ষার সে যুগ এখন আর নেই। ফসল রক্ষার জন্য স্থায়ী বাঁধ নির্মাণের উদ্যোগ নিতে হবে। এক ফসলি বোরো ধানের ওপর নির্ভরশীলতা কমাতে হবে। তিনি বলেন, হাওর এলাকায় অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার মাধ্যমে বেকার সমস্যা সমাধানের বিকল্প নেই। গতকাল ১৬ এপ্রিল রোববার মিঠামইনে জেলা পরিষদ মিলনায়তনে স্থানীয় জনপ্রতিনিধি, সরকারি কর্মকর্তা ও গণ্যমান্য ব্যক্তিবর্গের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। আগাম বন্যায় ক্ষতিগ্রস্ত হাওর এলাকা পরিদর্শনে গতকাল ১৬ এপ্রিল রোববার কিশোরগঞ্জে যান রাষ্ট্রপতি। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

**৪। আগামী বাজেটের সম্ভাব্য আকার ৪ লাখ ২৬৭ কোটি টাকা**

মোট দেশজ উৎপাদন বা জিডিপির প্রবৃদ্ধি ৭ দশমিক ৪ শতাংশ প্রাক্কলন করে আগামী বাজেটের সম্ভাব্য আকার প্রস্তাব করা হয়েছে চার লাখ ২৬৭ কোটি টাকা। এর মধ্যে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এক লাখ ৫৩ হাজার ৩৩১ কোটি টাকা। গতকাল ১৬ এপ্রিল রোববার সচিবালয়ে অনুষ্ঠিত সম্পদ কমিটির বৈঠকে ২০১৭-১৮ অর্থবছরের বাজেটের আকার চূড়ান্ত করা হয়। অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বৈঠকে সভাপতিত্ব করেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১)।

**৫। পদ্মা সেতুর ৪২ শতাংশ কাজ শেষ, জুনের মধ্যে স্প্যান বসছে : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, পদ্মা সেতুর সার্বিক অগ্রগতি হয়েছে ৪২ শতাংশ। জুন মাসের মধ্যেই পদ্মা সেতুর পিলারের ওপর স্প্যান বসানোর কাজ শুরু হবে এবং এরপর খুব দ্রুত সময়ের মধ্যে একের পর এক নতুন স্প্যান বসতে থাকবে। গতকাল ১৬ এপ্রিল রোববার মুন্সীগঞ্জের লৌহজং উপজেলার পদ্মা বহুমুখী সেতু কুমারভোগ পুনবার্সন কেন্দ্রের স্কুল প্রাঙ্গণে একযোগে পুনবার্সন সাইটসমূহের ৪টি প্রাথমিক বিদ্যালয় এবং ৫টি স্বাস্থ্য কেন্দ্রের উদ্বোধন পরবর্তী ভাষণে তিনি একথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **অবজারভার** (শেষ পৃ.,ক.৬)।

**৬। চলতি বোরো মৌসুমে ২৪ টাকা কেজি দরে ধান এবং ৩৪ টাকায় চাল কিনবে সরকার**

সরকার চলতি বোরো মৌসুমে অভ্যন্তরীণ বাজার থেকে ৭ লাখ মেট্রিক টন ধান, ৮ লাখ মেট্রিক টন চাল (এর মধ্যে ৭ লাখ মেট্রিক টন সেদ্ধ চাল এবং ১ লাখ মেট্রিক টন আতপ চাল) এবং ১ লাখ মেট্রিক টন গম কেনার সিদ্ধান্ত নিয়েছে বলে জানিয়েছেন খাদ্যমন্ত্রী কামরুল ইসলাম। তিনি বলেন, ২৪ টাকা ধান এবং ৩৪ টাকা



দরে সিদ্ধ চাল, ৩৩ টাকা দরে আতপ চাল এবং ২৮ টাকা দরে গম সংগ্রহ করা হবে। আগামী ২ মে থেকে শুরু হয়ে ধান ও চাল সংগ্রহ চলবে ৩১ আগস্ট ২০১৭ পর্যন্ত এবং গম সংগ্রহ চলবে ১৮ এপ্রিল থেকে ৩০ জুন পর্যন্ত। গতকাল ১৬ এপ্রিল রোববার সচিবালয়ে খাদ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে খাদ্য পরিকল্পনা ও পরিধারন কমিটির সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয় বলে তিনি জানিয়েছেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

## ৭। ভারত থেকে আরও ২ হাজার মেগাওয়াট বিদ্যুৎ আসবে : বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু বলেছেন, ভারত থেকে আগামী দুই বছরে আরও দুই হাজার মেগাওয়াট বিদ্যুৎ আমদানি করা হবে। বর্তমানে যে দামে ৬০ মেগাওয়াট বিদ্যুৎ আসছে, তার চেয়ে কম দামে আগামীতে বিদ্যুৎ পাওয়া যাবে বলেও আশাবাদ ব্যক্ত করেন তিনি। দুই দেশের মধ্যে আলোচনা করেই দাম নির্ধারণ হবে। গতকাল ১৬ এপ্রিল রোববার সিলেট নগরীর একটি হোটেলে 'টেকসই জ্বালানি প্রসারে গ্রিন ব্যাংকিংয়ের ভূমিকা' শীর্ষক প্রশিক্ষণ কর্মশালায় প্রধান অতিথির বক্তৃতা করেন তিনি। এরপর সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৫)।

## ৮। ভুয়া ফেসবুক অ্যাকাউন্ট বন্ধ করা হচ্ছে : ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী

ফেসবুক কর্তৃপক্ষ বাংলাদেশের অতি গুরুত্বপূর্ণ ব্যক্তিদের (ভিআইপি) নামে খোলা ভুয়া পেইজের পাশাপাশি ভুয়া অ্যাকাউন্ট বন্ধ করছে বলে জানিয়েছেন ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম। তিনি বলেন, বাংলাদেশ সরকারের অনুরোধে সাড়া দিয়েই বাংলাদেশের ভুয়া পেইজ ও অ্যাকাউন্টের বিরুদ্ধে ব্যবস্থা নিচ্ছে ফেসবুক। গতকাল ১৬ এপ্রিল রোববার সচিবালয়ে নিজ দফতরে গণমাধ্যমকে তিনি একথা জানান। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **প্রথম আলো** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৭)।

## ৯। সংসদের ১৫তম অধিবেশন শুরু আগামী ২ মে

দশম জাতীয় সংসদের পঞ্চদশ অধিবেশন আগামী ২ মে শুরু হবে। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ সংবিধানের ৭২ অনুচ্ছেদের (১) দফায় প্রদত্ত ক্ষমতাবলে আগামী ২ মে বিকাল ৫টায় দশম জাতীয় সংসদের পঞ্চদশ (এ বছরের ২য় ) অধিবেশন আহবান করেছেন। এর আগে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে কার্য উপদেষ্টা কমিটির বৈঠকে অধিবেশনের মেয়াদ নির্ধারণ করা হবে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.৫)।

## ১০। আজ ঐতিহাসিক মুজিবনগর দিবস

আজ ১৭ এপ্রিল, ঐতিহাসিক মুজিবনগর দিবস। বাংলাদেশের ইতিহাসে এক অবিস্মরণীয় দিন। মহান মুক্তিযুদ্ধের এক অবিস্মরণীয় অগ্রযাত্রার অধ্যায়। এদিন বাংলাদেশের মাটিতে স্বাধীন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার আনুষ্ঠানিকভাবে আত্মপ্রকাশ করে। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। বাণীতে তারা দেশবাসীকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন। যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের লক্ষ্যে জাতীয় পর্যায়ে ব্যাপক কর্মসূচি গ্রহণ করা হয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৪), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৭)।

**সম্পাদকীয়**

ক. **জনকণ্ঠ, ভোরের কাগজ, ডেইলি সান :** আজ ঐতিহাসিক মুজিবনগর দিবস উল্লেখ করে বাঙালির মুক্তি সংগ্রামের ইতিহাসে চিরস্মরণীয় এ দিনের ইতিহাসসহ মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস তরুণ প্রজন্মের সামনে যথাযথভাবে উপস্থাপনের ওপর গুরুত্বারোপ।

খ. **সংবাদ :** সালাম না দেওয়ায় রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষার্থীকে ইভটিজিং এর অভিযোগ এনে প্রক্টরের পুলিশে সোপর্দ করায়, নিন্দা জানিয়ে এ ধরনের নিষ্ঠুর ঘটনার সঠিক তদন্ত করে বিচার দাবি।

গ. **প্রথম আলো :** বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) মুঠোফোনভিত্তিক সেবার দাম নির্ধারণে যে কস্ট মডেলিং করার সিদ্ধান্ত নিয়েছে তা প্রয়োজনীয় উল্লেখ করে ইন্টারনেটের যুক্তিসংগত মূল্য নির্ধারণের পাশাপাশি দ্রুতগতি নিশ্চিত করতে মুঠোফোন অপারেটরগুলোর ওপর চাপ সৃষ্টি করার সুপারিশ।

ঘ. **যুগান্তর :** গরমকালের আগেই রাজধানীসহ সারা দেশে ভয়াবহ লোডশেডিং দেখা দেওয়ায় উদ্বেগ প্রকাশ করে এ অবস্থা নিরসনে দ্রুত কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঙ. **ইনকিলাব :** দেশের বিভিন্ন ফিলিং স্টেশনে মানহীন ভেজাল জ্বালানি তেল বিক্রি করার অভিযোগ আমলে নিয়ে বাজারে ভেজাল জ্বালানি তেলের প্রবেশ নিষিদ্ধ করতে এ ব্যাপারে সংশ্লিষ্টদের কঠোর অবস্থানে থাকতে হবে বলে মন্তব্য।

চ. **ডেইলি সান :** গণপরিবহণের নানা অনিয়ম ও নৈরাজ্য রোধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

ছ. **নিউজ টুডে, যায়যায়দিন :** রাজধানীতে বিভিন্ন এলাকায় পানির হাহাকারের সাথে ওয়াসার পানিতে দুর্গন্ধ আর ময়লা-আবর্জনা আসার কথা উল্লেখ করে এ পরিস্থিতি থেকে উত্তরণে যথাযথ পদক্ষেপ নেওয়া হবে বলে প্রত্যাশা করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**ভোরের কাগজ** পত্রিকায় প্রকাশিত কলামে স্বাধীনতার স্বপক্ষের সব শক্তির উচিত মুক্তিযুদ্ধবিরোধী, স্বাধীনতার পরাজিত শক্তি ও মৌলবাদী জঙ্গি গোষ্ঠীকে চিরতরে নির্মূল করা বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত **'উন্নয়নে প্রয়োজন কারিগরি শিক্ষা'** শিরোনামের নিবন্ধে মো. ওসমান গণি দেশকে সমৃদ্ধ উজ্জ্বল ভবিষ্যতের দিকে নিয়ে যেতে হলে জনসংখ্যার বিরাট বোঝাকে অভিশাপ মনে না করে আশীর্বাদ হিসেবে গণ্য করে প্রয়োজনীয় কারিগরি শিক্ষার বিস্তার ঘটাতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

শুকলা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা